

## **া** নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## শিক্ষণীয় বিষয়সমূহ -১২ (العبر ) \_১২)

- (১) সংস্কার আন্দোলনে অগ্রগতির জন্য শক্তিশালী ও সাহসী পুরুষের অংশগ্রহণ নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। ইসলামী আন্দোলনে এজন্য আল্লাহর বিশেষ রহমত প্রয়োজন হয়। হামযা ও ওমরের ইসলাম গ্রহণ ছিল রাসূল (ছাঃ)-এর দো'আ ও আল্লাহর বিশেষ রহমতের প্রতিফলন।
- (২) মানুষের ইচ্ছার বাইরে আল্লাহর ইচ্ছাই যে বাস্তবায়িত হয়, হামযা ও ওমরের ইসলাম গ্রহণ তার বাস্তব প্রমাণ। তাদের দু'জনের কেউই ইসলাম গ্রহণের জন্য বের হননি। ঘটনাক্রমে দু'জনেই আকস্মিকভাবে মুসলমান হয়ে যান।
- (৩) দল শক্তিশালী হ'লে বিরোধিতাও শক্তিশালী হবে এবং মূল নেতার উপরে চূড়ান্ত হামলা হবে- এটা সর্বদা উপলব্ধি করতে হবে দলের সহযোগী নেতৃবৃন্দকে। আবু তালিবের দূরদর্শী সিদ্ধান্তে আমরা সেটাই দেখতে পাই।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5275

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন